অধ্যায় ১০

আমার দেশ

আলোচ্য বিষয়

▸ বাংলাদেশের মানচিত্র ▸ বাংলাদেশের কৃষিজাত পণ্য ▸ বাংলাদেশের শিল্পজাত পণ্য ▸ বাংলাদেশের জনসংখ্যা ও সম্পদ।

অধ্যায়ের মূলকথা

বাংলাদেশ আমাদের মাতৃভূমি। বাংলাদেশের ৮টি বিভাগের অধীনে ৬৪টি জেলা রয়েছে। প্রতিটি জেলারই নির্দিষ্ট সীমানা রয়েছে, যা মানচিত্রে প্রকাশ করা হয়। মানচিত্রের মাধ্যমে কোন দিকে কোন স্থান অবস্থিত তা নির্ণয় করা সহজ হয়। বাংলাদেশ কৃষিনির্ভর দেশ। বাংলাদেশের প্রধান কৃষিজাত পণ্য হলো ধান, পাট, চা ও আখ। এছাড়া বাংলাদেশে গম, ভুট্টা, ডাল, সরিষা, ফল ইত্যাদি উৎপন্ন হয়। শিল্প থেকে যে সমস্ত পণ্য পাওয়া যায় তাকে শিল্পজাত পণ্য বলা হয়। বাংলাদেশের প্রধান শিল্পজাত পণ্য হলো তৈরি পোশাক, চিনি, সিমেন্ট, সার, ওষুধ ইত্যাদি। বিদেশে পোশাক রপ্তানি করে বাংলাদেশ প্রচুর বৈদেশিক মুদ্রা আয় করে থাকে। পৃথিবীর সব দেশের জনসংখ্যা সমান নয়। কোনো দেশে বেশি আবার কোনো দেশে কম। পৃথিবীর সব দেশের মধ্যে জনসংখ্যার দিক থেকে বাংলাদেশের অবস্থান অষ্টম। এসকল জনসংখ্যার মধ্যে শিক্ষিত ও দক্ষ মানুষ হচ্ছে মানবসম্পদ। যে দেশের মানবসম্পদ যত উন্নত, সে দেশ তত উন্নত।

শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

- বাংলাদেশের মানচিত্রে জেলার অবস্থান ও সীমানা আগ্রহের সাথে চিহ্নিত করা।
- কৌতূহলী হয়ে বিভিন্ন প্রকার কৃষিজাত ও শিল্পজাত দ্রব্য সম্পর্কে জেনে সেগুলো শ্রেণিকরণ করা।
- বাংলাদেশের জনসংখ্যা সম্পর্কে ধারণা লাভ করে জনসংখ্যা ও সম্পদের সাথে সম্পর্ক স্থাপনে উৎসাহী হওয়া।

অধ্যায়ের শিখনফল

- মানচিত্রে দিক চিহ্নিত করতে পারবে।
- বাংলাদেশের মানচিত্রে জেলার অবস্থান ও সীমানা চিহ্নিত করতে পারবে।
- কৃষিজাত পণ্য সম্পর্কে বলতে পারবে।
- শিল্পজাত পণ্য সম্পর্কে বলতে পারবে।
- কৃষি ও শিল্পজাত দ্রব্যের শ্রেণিকরণ করতে পারবে।
- বাংলাদেশের জনসংখ্যা সম্পর্কে বলতে পারবে।
- জনসংখ্যা ও সম্পদের সম্পর্ক স্থাপন করতে পারবে।

ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি (একক ও দলীয় কাজ) বুঝে পড়ি ও ভালোভাবে শিখে নিই

পাঠ ১ বাংলাদেশের মানচিত্র

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭৫

জোড়ায় কাজ (ক) মানচিত্রে দিক চিহ্নিত করি–

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭৬

উত্তর : পাঠ্যবইয়ের ৭৫ পৃষ্ঠার মানচিত্রটি দেখে দিক চিহ্নিত করা হলো–



দলগত কাজ (খ) মানচিত্র দেখি ও নিচের ছকে দিক অনুযায়ী জেলার নাম লিখি–

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭৭

পাঠ্যবইয়ের ছক :

মানচিত্রের দিক	জেলার নাম
সর্ব উত্তর	
সর্ব দক্ষিণ	
উত্তর-পূর্ব	
দক্ষিণ-পশ্চিম	

নির্দেশনা : পাঠ্যবইয়ের ৭৫ পৃষ্ঠার মানচিত্রটি দেখে দিক অনুযায়ী জেলার নাম লিখবে।

উত্তর : পাঠ্যবইয়ের ৭৫ পৃষ্ঠার মানচিত্রটি দেখে ছক অনুযায়ী জেলাগুলোর নাম লেখা হলো–

মানচিত্রের দিক	জেলার নাম
সর্ব উত্তর	পঞ্চগড়
সর্ব দক্ষিণ	কক্সবাজার
উত্তর-পূর্ব	সিলেট
দক্ষিণ-পশ্চিম	সাতক্ষীরা

একক কাজ (গ) মানচিত্রে নিজ জেলা চিহ্নিত করি ও অবস্থান দেখাই–

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭৭

সমাধান :

নির্দেশনা : মানচিত্রে বিভিন্ন জায়গার অবস্থান চিহ্নিত করা আছে। এর মধ্য থেকে নিজ জেলা চিহ্নিত করবে।

উত্তর : আমার নিজ জেলা ঢাকা। মানচিত্রে ঢাকা চিহ্নিত করা হলো–



একক কাজ (ঘ) আমার নিজ জেলার কোন দিকে কোন কোন জেলা আছে তা মানচিত্রে খুঁজে বের করি ও ছকে লিখি–

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭৭

নিজ জেলার নাম	দিক	জেলার বা স্থানের নাম
	পূর্ব	
	পশ্চিম	
	উত্তর	
	দক্ষিণ	

নির্দেশনা : মানচিত্রে নিজ জেলা চিহ্নিত করবে এবং জেলাটির চারদিকে কোন কোন জেলা অবস্থিত তা ছকে লিখবে।

উত্তর : ধরা যাক আমার নিজ জেলা ঢাকা। সেক্ষেত্রে ঢাকার চারিদিকের জেলাগুলো নিচের ছকে দেওয়া হলো–

নিজ জেলার নাম	দিক	জেলার বা স্থানের নাম
ঢাকা	পূর্ব	নারায়ণগঞ্জ
	পশ্চিম	মানিকগঞ্জ
	উত্তর	গাজীপুর
	দক্ষিণ	মুন্সিগঞ্জ

পাঠ ২ বাংলাদেশের কৃষিজাত পণ্য

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭৮

দলগত কাজ (ক) পর্যবেক্ষণ করি ও ছবি সম্পর্কে তথ্য নিচের ছকে লিখি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭৮



নির্দেশনা : পর্যবেক্ষণ করে ছবি সম্পর্কে তথ্য নিচের ছকে লিখবে।

উত্তর :

কীসের ছবি?
শাকসবজি, পাট, ধান, আখ, চা

কারা উৎপাদন করে?
কৃষক

এগুলো কী ধরনের পণ্য?
কৃষিজাত পণ্য

একক কাজ (খ) আমার নিজের এলাকায় যে যে কৃষিপণ্য বেশি উৎপন্ন হয় তার তালিকা তৈরি করি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭৯

১. .....
২. .....
৩. .....
৪. .....

নির্দেশনা : নিজের এলাকায় বেশি উৎপন্ন হয় এমন কৃষিপণ্যের তালিকা তৈরি করবে।

উত্তর : আমার নিজের এলাকার কৃষিপণ্যের তালিকা তৈরি করি– ১. ধান, ২. পাট, ৩. সরিষা, ৪. পিঁয়াজ।

জোড়ায় কাজ (গ) তালিকা থেকে কৃষিজাত পণ্যগুলো বাছাই করে নিচে লিখি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭৯

ধান, দুধ, চিনি, সিমেন্ট, ডিম, ঔষধ, মাংস, কাগজ, মাছ, শসা, গম, ভুট্টা, লালশাক, ঢেঁড়স, ডাল, শিম

১. ..... ৫. .....
২. ..... ৬. .....
৩. ..... ৭. .....
৪. ..... ৮. .....

নির্দেশনা : তালিকা থেকে কৃষিপণ্য বাছাই করে লিখবে।

উত্তর :

১. ধান	৫. মাছ
২. দুধ	৬. শসা, লালশাক, ঢেঁড়স, শিম
৩. ডিম	৭. গম, ডাল
৪. মাংস	৮. ভুট্টা

দলগত কাজ (ঘ) যে যে কৃষিজাত পণ্যের তালিকা তৈরি করেছি সেগুলোকে শ্রেণিকরণ করি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৮০

উত্তর :

পাঠ ৩ বাংলাদেশের শিল্পজাত পণ্য

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৮১

দলগত কাজ (ক) ছবি পর্যবেক্ষণ করি ও ছবি সম্পর্কে তথ্য নিচের ছকে লিখি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৮১



উত্তর :

কীসের ছবি?
তৈরি পোশাক, প্রসাধনী সামগ্রী, নির্মাণ দ্রব্য, প্যাকেটজাত খাবার, ওষুধ, সার

কারা উৎপাদন করে?
শিল্পের শ্রমিকরা

এগুলো কী ধরনের পণ্য?
শিল্পজাত পণ্য

একক কাজ (খ) আমার নিজের বাড়িতে যে যে শিল্পজাত পণ্য ব্যবহার করি তা নিচে লিখি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৮২

১. ..... ৫. .....
২. ..... ৬. .....
৩. ..... ৭. .....
৪. ..... ৮. .....

নির্দেশনা : নিজ বাড়িতে ব্যবহৃত শিল্পজাত পণ্যগুলোর নাম লিখবে।

উত্তর :

১. তৈরি পোশাক	৫. ঔষধ
২. চা, চিনি	৬. সাবান, শ্যাম্পু, টুথপেস্ট
৩. কাগজ	৭. টিভি, ফ্রিজ, এসি
৪. প্যাকেটজাত খাবার, যেমন– বিস্কুট	৮. ক্রিম, লোশন, পাউডার

দলগত কাজ (গ) নিচের পণ্যগুলোকে কৃষিজাত ও শিল্পজাত শিরোনামে শ্রেণিকরণ করি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৮২

ডাল, সাবান, টুথপেস্ট, ধান, শাড়ি, লুঙ্গি, পাট, মাছ, চিনি, সরিষা, সার, কলা, কাগজ, সবজি, বিস্কুট, গম

পাঠ্যবইয়ের ছক :

কৃষিজাত পণ্য	শিল্পজাত পণ্য
১.	১.
২.	২.
৩.	৩.

উত্তর :

কৃষিজাত পণ্য	শিল্পজাত পণ্য
১. ডাল	১. সাবান
২. ধান	২. টুথপেস্ট
৩. পাট	৩. শাড়ি
৪. মাছ	৪. লুঙ্গি
৫. সরিষা	৫. চিনি
৬. কলা	৬. সার
৭. সবজি	৭. কাগজ
৮. গম	৮. বিস্কুট

পাঠ ৪ বাংলাদেশের জনসংখ্যা ও সম্পদ

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৮৩

জোড়ায় কাজ (ক) জনসংখ্যা সম্পর্কে তথ্য খুঁজে বের করি ও নিচের চিত্রে লিখি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৮৩

নির্দেশনা : জনসংখ্যা সম্পর্কে তথ্য খুঁজে বের করে চিত্রে লিখবে।

উত্তর :

দলগত কাজ (খ) বাংলাদেশের মানচিত্রটি পর্যবেক্ষণ করে বিভাগের জনসংখ্যা অনুযায়ী ক্রমানুসারে (বেশি থেকে কম) বিভাগের নাম খালি ঘরে লিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৮৪

উত্তর : বাংলাদেশের মানচিত্রটি (পাঠ্যবইয়ের ৮৪ পৃষ্ঠা) পর্যবেক্ষণ করে বিভাগের জনসংখ্যা অনুযায়ী ক্রমানুসারে (বেশি থেকে কম) বিভাগের নাম খালি ঘরে লেখা হলো–

ঢাকা > চট্টগ্রাম > রাজশাহী > রংপুর > খুলনা > ময়মনসিংহ > সিলেট > বরিশাল

জোড়ায় কাজ (গ) পাঠ্যবইয়ের (৮৫নং পৃষ্ঠার) গল্পটি পড়ে প্রশ্নগুলোর উত্তর লিখি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৮৫

(১) মেহেদী ও সাইফুলের পরিবারের সদস্য সংখ্যা কত?
(২) কোন পরিবারের সম্পদ বেশি ছিল?
(৩) কোন পরিবার উন্নতি করেছে?
(৪) কার সন্তানদেরকে মানবসম্পদ বলা যাবে?
(৫) কেন এদেরকে মানবসম্পদ বলা যাবে?

উত্তর :

(১) (ক) মেহেদীর পরিবার : ৫ জন;
(খ) সাইফুলের পরিবার : ৫ জন।
(২) মেহেদী হাসানের পরিবারের।
(৩) সাইফুলের পরিবার।
(৪) সাইফুলের সন্তানদের।
(৫) কারণ সাইফুলের ছেলেমেয়েরা লেখাপড়া শিখেছে। ছেলে হাইস্কুল পাস করে ড্রাইভিং শিখে বিদেশে চাকরি পেয়েছে। বড়ো মেয়ে পড়া শেষ করে ঢাকায় শিক্ষকতা করছে। ছোটো মেয়ে কম্পিউটার শিখে কাজ করে অনেক টাকা আয় করছে। তাই সাইফুলের সন্তানরাই মানবসম্পদ।

শিক্ষক সহায়িকা অনুসরণে অতিরিক্ত অ্যাক্টিভিটি — আরও শিখে নিই

পাঠ ১ বাংলাদেশের মানচিত্র ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

একক কাজ ছবিটি দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর দেই।



- এটা কী?
- এটি কোন দেশের মানচিত্র?
- মানচিত্রের দিকগুলো কী কী চিহ্নিত করতে পারবে?

নমুনা উত্তর

- **এটা কী?**
  উত্তর : এটা একটি মানচিত্র।
- **এটি কোন দেশের মানচিত্র?**
  উত্তর : এটি বাংলাদেশের মানচিত্র।
- **মানচিত্রের দিকগুলো কী কী চিহ্নিত করতে পারবে?**
  উত্তর : মানচিত্রের দিকগুলো আমি চিহ্নিত করতে পারব। মানচিত্রের দিকগুলো চিহ্নিত করে নিচে দেওয়া হলো—



পাঠ ২ বাংলাদেশের কৃষিজাত পণ্য

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

একক কাজ ছবিগুলো দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর দিই।






- এগুলো কীসের ছবি?
- এগুলো কোথায় উৎপন্ন হয়?
- এগুলো কী ধরনের পণ্য?

নমুনা উত্তর

- এগুলো বিভিন্ন ধরনের ফসলের ছবি।
- এগুলো ফসলের মাঠে উৎপন্ন হয়।
- এগুলো কৃষিজাত পণ্য।

পাঠ ৩ বাংলাদেশের শিল্পজাত পণ্য

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

একক কাজ ছবিগুলো দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর দিই।





- এগুলো কীসের ছবি?
- এ ধরনের পণ্য কোথায় উৎপাদিত হয়?
- এগুলো কী ধরনের পণ্য?

নমুনা উত্তর

- এগুলো বিভিন্ন ধরনের পণ্যের ছবি।
- এধরনের কলকারখানায় উৎপন্ন হয়।
- এগুলো শিল্পজাত পণ্য।

পাঠ ৪ বাংলাদেশের জনসংখ্যা ও সম্পদ

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

একক কাজ ছবিগুলো দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর দিই।

- এটি কীসের ছবি?
- এ পরিবারে কে কে থাকেন?
- তোমাদের আশেপাশে আর কে থাকেন?
- সারা বাংলাদেশের সব মানুষকে আমরা কী বলি?

নমুনা উত্তর

- এটি একটি পরিবারের ছবি।
- এ পরিবারে মা-বাবা, দাদা-দাদি, চাচা-চাচি ও ভাইবোন থাকেন।
- আমাদের আশেপাশে অনেক প্রতিবেশী থাকেন।
- সারা বাংলাদেশের সব মানুষকে আমরা জনসংখ্যা বলি।

সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর।

প্রশ্ন ১। কোন বিভাগে জনসংখ্যা সবচেয়ে বেশি?

উত্তর : ঢাকা বিভাগে জনসংখ্যা সবচেয়ে বেশি।

প্রশ্ন ২। কোন বিভাগে জনসংখ্যা কম?

উত্তর : বরিশাল বিভাগে জনসংখ্যা কম।

প্রশ্ন ৩। জনসংখ্যা কম হলে ভালো না বেশি হলে ভালো? কেন?

উত্তর : অধিক জনসংখ্যা কোনো কোনো দেশের জন্য ভালো, আবার কোনো কোনো দেশের জন্য বোঝা। একটি দেশের আয়তন, প্রাকৃতিক সম্পদ ও দক্ষ মানবসম্পদের ওপর জনসংখ্যা কম হলে ভালো, না বেশি হলে ভালো তা নির্ভর করে। কিন্তু আমাদের দেশের জন্য অতিরিক্ত জনসংখ্যা একটি বোঝা। কেননা আমাদের দেশে আয়তন কম, প্রাকৃতিক সম্পদ কম ও দক্ষ জনশক্তির অভাব রয়েছে। ফলে কম জনসংখ্যা হলে ভালো।

মূল্যায়ন নির্দেশনা অনুসরণে অতিরিক্ত অ্যাক্টিভিটি — আরও শিখে নিই

দলগত কাজ শিক্ষার্থীরা বিভিন্ন দলে বিভক্ত হয়ে নিজেদের আশপাশের পরিবারগুলো পর্যবেক্ষণ করবে এবং বড়ো পরিবারের সমস্যাগুলো নিয়ে একটি পোস্টার তৈরি করবে।

নির্দেশনা : আশপাশের পরিবারগুলো পর্যবেক্ষণ করে একটি পোস্টারে বড়ো পরিবারের সমস্যাগুলো লিখবে।

নমুনা পোস্টার :



মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ

শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

ক নিচের বাক্যগুলো শুনে সত্য/মিথ্যা নির্ণয় কর।

১। আমাদের মাতৃভূমির নাম বাংলাদেশ।
২। বাংলাদেশের মানচিত্রের পাঁচটি দিক রয়েছে।
৩। বাংলাদেশের ৮টি বিভাগ আছে।
৪। বাংলাদেশের ৬৪টি জেলা রয়েছে।
৫। বাংলাদেশের জেলাগুলোর নির্দিষ্ট সীমানা নেই।
৬। বাংলাদেশের সর্ব উত্তরের জেলা পঞ্চগড়।
৭। বাংলাদেশের সর্ব দক্ষিণের জেলা কক্সবাজার।
৮। দেশের সব অঞ্চলেই পাট জন্মে।
৯। পোশাক শিল্প একটি গুরুত্বপূর্ণ শিল্প।
১০। তৈরি পোশাক শিল্পে বিপুল সংখ্যক শ্রমিক নিয়োজিত।

উত্তরমালা : ১। সত্য; ২। মিথ্যা; ৩। সত্য; ৪। সত্য; ৫। মিথ্যা; ৬। সত্য; ৭। সত্য; ৮। মিথ্যা; ৯। সত্য; ১০। সত্য।

খ নিচের অসম্পূর্ণ বাক্যগুলো শুনে শূন্যস্থানের জন্য সঠিক শব্দটি নির্ণয় কর।

১। মানচিত্রের — দিক থাকে।
উত্তর : চারটি।

২। মানচিত্রে কোনো এলাকার অবস্থান খুঁজে বের করতে — জানা থাকা প্রয়োজন।
উত্তর : দিক।

৩। — আমাদের মাতৃভূমি।
উত্তর : বাংলাদেশ।

৪। বাংলাদেশের — বিভাগের অধীনে — জেলা রয়েছে।
উত্তর : ৮টি, ৬৪টি।

৫। আমরা দৈনন্দিন জীবনে নানা ধরনের — ব্যবহার করি।
উত্তর : পণ্য।

৬। কৃষি থেকে যে সমস্ত পণ্য পাওয়া যায় তাই —।
উত্তর : কৃষিজাত পণ্য।

৭। শিল্প থেকে প্রাপ্ত পণ্যই হলো —।
উত্তর : শিল্পজাত পণ্য।

৮। পাট ও — হলো আমাদের অর্থকরী ফসল।
উত্তর : চা।

৯। বর্তমানে — বাংলাদেশের একটি গুরুত্বপূর্ণ শিল্প।
উত্তর : পোশাক শিল্প।

১০। বাংলাদেশের অধিকাংশ পোশাক শিল্প — এবং চট্টগ্রামে গড়ে উঠেছে।
উত্তর : ঢাকা।

১১। বাংলাদেশ বিদেশে — রপ্তানি করে সবচেয়ে বেশি বৈদেশিক মুদ্রা পেয়ে থাকে।
উত্তর : পোশাক।

সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

১২। বাংলাদেশে — শিল্পে বিপুল সংখ্যক শ্রমিক নিয়োজিত আছে।
উত্তর : তৈরি পোশাক।

১৩। বাংলাদেশের আয়তনের তুলনায় — অনেক বেশি।
উত্তর : জনসংখ্যা।

১৪। আদমশুমারি অনুযায়ী বর্তমানে বাংলাদেশের জনসংখ্যা প্রায় —।
উত্তর : ১৬ কোটি ৫১ লক্ষ।

১৫। বাংলাদেশের মোট আয়তন — বর্গকিলোমিটার।
উত্তর : ১,৪৭,৫৭০।

বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

ক নিচের প্রশ্নগুলোর উত্তর বলো।

প্রশ্ন ১। মানচিত্রের কয়টি দিক থাকে?
উত্তর : মানচিত্রের চারটি দিক থাকে।

প্রশ্ন ২। বাংলাদেশের ৮টি বিভাগের অধীনে কতটি জেলা রয়েছে?
উত্তর : বাংলাদেশের ৮টি বিভাগের অধীনে ৬৪ জেলা রয়েছে।

প্রশ্ন ৩। কৃষিজাত পণ্য কী?
উত্তর : কৃষি থেকে যে সমস্ত পণ্য পাই তাই কৃষিজাত পণ্য।

প্রশ্ন ৪। শিল্পজাত পণ্য কী?
উত্তর : শিল্প থেকে প্রাপ্ত পণ্যই হলো শিল্পজাত পণ্য।

প্রশ্ন ৫। বাংলাদেশের প্রধান কৃষিজাত পণ্য কী কী?
উত্তর : বাংলাদেশের প্রধান কৃষিজাত পণ্য হলো ধান, পাট, আখ, চা ইত্যাদি।

প্রশ্ন ৬। কোনগুলো বাংলাদেশের অর্থকরী ফসল?
উত্তর : পাট ও চা বাংলাদেশের অর্থকরী ফসল।

প্রশ্ন ৭। বাংলাদেশের প্রধান শিল্পজাত পণ্য কোনগুলো?
উত্তর : বাংলাদেশের প্রধান শিল্পজাত পণ্য হলো চিনি, সিমেন্ট, সার, তৈরি পোশাক ও ঔষধ।

প্রশ্ন ৮। বাংলাদেশ বিদেশে কোন পণ্য রপ্তানি করে সবচেয়ে বেশি বৈদেশিক মুদ্রা পেয়ে থাকে?
উত্তর : বাংলাদেশ বিদেশে পোশাক রপ্তানি করে সবচেয়ে বেশি বৈদেশিক মুদ্রা পেয়ে থাকে।

প্রশ্ন ৯। বর্তমানে বাংলাদেশের জনসংখ্যা কত?
উত্তর : বর্তমানে বাংলাদেশের জনসংখ্যা ১৬ কোটি ৫১ লক্ষ।

প্রশ্ন ১০। বাংলাদেশের মোট জনসংখ্যার মধ্যে নারীর সংখ্যা কত?
উত্তর : বাংলাদেশের মোট জনসংখ্যার মধ্যে নারীর সংখ্যা প্রায় ৮ কোটি ৩৪ লক্ষ।

প্রশ্ন ১১। বাংলাদেশের মোট আয়তন কত?
উত্তর : বাংলাদেশের মোট আয়তন ১,৪৭,৫৭০ বর্গকিলোমিটার।

প্রশ্ন ১২। জনসংখ্যার দিক থেকে পৃথিবীতে সকল দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান কত?
উত্তর : জনসংখ্যার দিক থেকে পৃথিবীতে সকল দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান অষ্টম।

পড়া ③ নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

ক নিচের প্রশ্নগুলো মনোযোগ সহকারে পড় এবং সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ।

১. মানচিত্রের উপরের দিকটি কোন দিক?
ক পূর্ব খ পশ্চিম
গ উত্তর ঘ দক্ষিণ
উত্তর : (গ) উত্তর।

২. মানচিত্রের নিচের দিকটি কোন দিক?
ক পূর্ব খ পশ্চিম
গ উত্তর ঘ দক্ষিণ
উত্তর : (ঘ) দক্ষিণ।

৩. মানচিত্রের ডানের দিকটি কোন দিক?
ক পূর্ব খ পশ্চিম
গ উত্তর ঘ দক্ষিণ
উত্তর : (ক) পূর্ব।

৪. মানচিত্রের বামের দিকটি কোন দিক?
ক পূর্ব খ পশ্চিম
গ উত্তর ঘ দক্ষিণ
উত্তর : (খ) পশ্চিম।

৫. বাংলাদেশের মানচিত্রে কতটি দিক রয়েছে?
ক ২ খ ৩
গ ৪ ঘ ৫
উত্তর : (গ) ৪।

৬. বাংলাদেশের বিভাগ কতটি?
ক ৬টি খ ৮টি
গ ৭টি ঘ ৯টি
উত্তর : (খ) ৮টি।

৭. বাংলাদেশের জেলা কতটি?
ক ৬৪টি খ ৬৬টি
গ ৬৮টি ঘ ৬৫টি
উত্তর : (ক) ৬৪টি।

৮. নিচের কোনটি অর্থকরী ফসল?
ক চা খ আখ
গ ডাল ঘ সরিষা
উত্তর : (ক) চা।

৯. নিচের কোনটি-কৃষিজাত পণ্য?
ক চিনি খ সিমেন্ট
গ ঔষধ ঘ মাছ
উত্তর : (ঘ) মাছ।

১০. নিচের কোনটি শিল্পজাত পণ্য?
ক সরিষা খ কলা
গ সার ঘ মাছ
উত্তর : (গ) সার।

১১. আদমশুমারি অনুযায়ী বর্তমানে বাংলাদেশের জনসংখ্যা কত?
ক ১৬ কোটি ৫১ লক্ষ খ ১৬ কোটি ২০ লক্ষ
গ ১৫ কোটি ৫০ লক্ষ ঘ ১৫ কোটি ২০ লক্ষ
উত্তর : (ক) ১৬ কোটি ৫১ লক্ষ।

১২. আদমশুমারি অনুযায়ী বর্তমানে বাংলাদেশে নারীর সংখ্যা কত?
ক ৮ কোটি ৩৪ লক্ষ খ ৮ কোটি ১৭ লক্ষ
গ ৮ কোটি ৩০ লক্ষ ঘ ৮ কোটি ১৫ লক্ষ
উত্তর : (ক) ৮ কোটি ৩৪ লক্ষ।

১৩. আদমশুমারি অনুযায়ী বর্তমানে বাংলাদেশে পুরুষের সংখ্যা কত?
ক ৮ কোটি ৩৩ লক্ষ খ ৮ কোটি ১৭ লক্ষ
গ ৮ কোটি ৩০ লক্ষ ঘ ৮ কোটি ১৫ লক্ষ
উত্তর : (খ) ৮ কোটি ১৭ লক্ষ।

১৪. বাংলাদেশের আয়তন কত?
ক ১,৪০,৫৭০ বর্গকিলোমিটার
খ ১,৪২,৫৭০ বর্গকিলোমিটার
গ ১,৪৭,৫৭০ বর্গকিলোমিটার
ঘ ১,৫০,৫৭০ বর্গকিলোমিটার
উত্তর : (গ) ১,৪৭,৫৭০ বর্গকিলোমিটার।

১৫. জনসংখ্যার দিক থেকে পৃথিবীর সকল দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান কততম?
ক পঞ্চম খ সপ্তম
গ অষ্টম ঘ নবম
উত্তর : (গ) অষ্টম।

১৬. বাংলাদেশের জনসংখ্যার তুলনায় সম্পদ–
ক কম খ বেশি
গ সমান ঘ নেই
উত্তর : (ক) কম।

খ নিচের প্রশ্নগুলো পড়ে সংক্ষেপে উত্তর দাও।

প্রশ্ন ১। বাংলাদেশ সম্পর্কে সংক্ষেপে লেখ।
উত্তর : বাংলাদেশ আমাদের মাতৃভূমি। আমাদের দেশটি এশিয়া মহাদেশের দক্ষিণে অবস্থিত। বাংলাদেশের ৮টি বিভাগ ও ৬৪টি জেলা রয়েছে। বাংলাদেশের প্রতিটি জেলার নির্দিষ্ট সীমানা আছে।

প্রশ্ন ২। বাংলাদেশের কৃষিজাত পণ্যের বর্ণনা লেখ।
উত্তর : কৃষি থেকে যে পণ্য পাওয়া যায় তাই কৃষিজাত পণ্য। বাংলাদেশের প্রধান কৃষিজাত পণ্য হলো ধান, পাট, আখ ও চা। তবে পাট ও চা অর্থকরী ফসল। এগুলো বিদেশে রপ্তানি করে প্রচুর বৈদেশিক মুদ্রা পাওয়া যায়। এছাড়াও আমাদের দেশে গম, ভুট্টা, সরিষা, ডাল, তামাক, তুলা, শাকসবজি, মসলা ও ফল ইত্যাদি উৎপন্ন হয়।

প্রশ্ন ৩। আমাদের পোশাক শিল্পের গুরুত্ব বর্ণনা কর।
উত্তর : বর্তমানে পোশাক শিল্প বাংলাদেশের একটি গুরুত্বপূর্ণ শিল্প। দেশের অধিকাংশ পোশাক কারখানা ঢাকা ও চট্টগ্রামে অবস্থিত। বাংলাদেশ বিদেশে পোশাক রপ্তানি করে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন করে থাকে। পোশাক শিল্পে বিপুল পরিমাণ শ্রমিক নিয়োজিত রয়েছে।

প্রশ্ন ৪। যাতায়াত ব্যবস্থার ওপর অধিক জনসংখ্যার প্রভাব কী?
উত্তর : দেশে জনসংখ্যা বেশি হলে যাতায়াত ব্যবস্থার ওপর মারাত্মক প্রভাব পড়ে। প্রতিদিন নতুন নতুন যানবাহন রাস্তায় নামে। রাস্তাঘাটে মানুষের ভিড় বাড়ে। বাস, ট্রেন, লঞ্চে অতিরিক্ত যাত্রী বহন করতে হয়। ফলে দুর্ঘটনা ঘটে। দুর্ঘটনায় অনেক মানুষ মারা যায়।

প্রশ্ন ৫। অতিরিক্ত জনসংখ্যার প্রভাব কী কী?

উত্তর : অতিরিক্ত জনসংখ্যার প্রভাবসমূহ হলো–

১. মানুষ কাজ পায় না।
২. প্রয়োজনীয় খাবার পাওয়া যায় না।
৩. অনেকে সন্তানদের বিদ্যালয়ে পাঠাতে পারেন না।
৪. সবাই চিকিৎসাসেবা পায় না।
৫. পরিবেশ দূষিত হয়।

লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

ক বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিল করে লেখ।

প্রশ্ন ১। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিল কর :

বাম পাশ	ডান পাশ
(ক) বাংলাদেশ আমাদের	পঞ্চগড়।
(খ) বাংলাদেশের বিভাগ	৬৪টি।
(গ) বাংলাদেশের সর্ব উত্তরের জেলা	সিলেট।
(ঘ) বাংলাদেশের সর্ব দক্ষিণের জেলা	৮টি।
(ঙ) বাংলাদেশের মোট জেলা	কক্সবাজার।
	ঢাকা।
	মাতৃভূমি।

উত্তরমালা :

(ক) বাংলাদেশ আমাদের মাতৃভূমি।
(খ) বাংলাদেশের বিভাগ ৮টি।
(গ) বাংলাদেশের সর্ব উত্তরের জেলা পঞ্চগড়।
(ঘ) বাংলাদেশের সর্ব দক্ষিণের জেলা কক্সবাজার।
(ঙ) বাংলাদেশের মোট জেলা ৬৪টি।

প্রশ্ন ২। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিল কর :

বাম পাশ	ডান পাশ
(ক) শিল্প থেকে প্রাপ্ত পণ্যই	ঢাকা ও চট্টগ্রামে অবস্থিত।
(খ) বাংলাদেশের প্রধান শিল্পজাত পণ্য	বিপুলসংখ্যক শ্রমিক নিয়োজিত।
(গ) বাংলাদেশের শিল্পজাত পণ্যের উৎপাদন ও চাহিদা	শিল্পজাত পণ্য।
(ঘ) দেশের অধিকাংশ পোশাক কারখানা	পোশাক, চিনি, সার, সিমেন্ট ও ঔষধ।
(ঙ) তৈরি পোশাক শিল্পে	কৃষিজাত পণ্য।
	চা, চিনি।
	দিন দিন বাড়ছে।

উত্তরমালা :

(ক) শিল্প থেকে প্রাপ্ত পণ্যই শিল্পজাত পণ্য।
(খ) বাংলাদেশের প্রধান শিল্পজাত পণ্য পোশাক, চিনি, সার, সিমেন্ট ও ঔষধ।
(গ) বাংলাদেশের শিল্পজাত পণ্যের উৎপাদন ও চাহিদা দিন দিন বাড়ছে।
(ঘ) দেশের অধিকাংশ পোশাক কারখানা ঢাকা ও চট্টগ্রামে অবস্থিত।
(ঙ) তৈরি পোশাক শিল্পে বিপুলসংখ্যক শ্রমিক নিয়োজিত।

ক নিচের বর্ণনামূলক প্রশ্নগুলোর উত্তর লেখ।

প্রশ্ন ১। বাংলাদেশের প্রধান অর্থকরী ফসল কী কী? বাংলাদেশের কৃষি সম্পর্কে চারটি বাক্য লেখ।

উত্তর : বাংলাদেশের প্রধান অর্থকরী ফসল হলো পাট ও চা।

বাংলাদেশের কৃষি সম্পর্কে চারটি বাক্য হলো–

১. বাংলাদেশের প্রধান কৃষিজ সম্পদ হলো ধান, পাট ও চা।
২. দেশের সব অঞ্চলেই ধান জন্মে।
৩. বাংলাদেশে বিভিন্ন শাকসবজি উৎপন্ন হয়।
৪. দেশের বেশিরভাগ লোক কৃষিকাজের ওপর নির্ভরশীল।

প্রশ্ন ২। কৃষিজাত পণ্য কী? বাংলাদেশের প্রধান কৃষিজাত পণ্য কী কী? কী কী পণ্য রপ্তানি করে বৈদেশিক মুদ্রা অর্জিত হয়?

উত্তর : কৃষি থেকে যে সমস্ত পণ্য পাওয়া যায় তাকে কৃষিজাত পণ্য বলে। বাংলাদেশের প্রধান প্রধান কৃষিজাত পণ্য হলো ধান, পাট, আখ ও চা। পাট ও চা বিদেশে রপ্তানি করে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জিত হয়।

প্রশ্ন ৩। রপ্তানি কী? আমরা রপ্তানি করি এমন চারটি পণ্যের নাম লেখ।

উত্তর : দেশের চাহিদা মেটানোর পর অতিরিক্ত পণ্য বিদেশে বিক্রি করাকে রপ্তানি বলে।

আমরা রপ্তানি করি এমন চারটি পণ্য হলো–

১. তৈরি পোশাক,
২. চামড়াজাত দ্রব্য,
৩. পাট ও পাটজাত দ্রব্য এবং
৪. চা।

প্রশ্ন ৪। জনসংখ্যার ঘনত্ব কাকে বলে? অতিরিক্ত জনসংখ্যার চারটি কুফল লেখ।

উত্তর : একটি দেশে প্রতি বর্গকিলোমিটারে যতজন লোক বাস করে, তাকে জনসংখ্যার ঘনত্ব বলে।

অতিরিক্ত জনসংখ্যার চারটি কুফল হলো–

১. সকল মানুষ কাজ পায় না।
২. প্রয়োজনীয় খাবার পাওয়া যায় না।
৩. অনেকে সন্তানদের বিদ্যালয়ে পাঠাতে পারেন না।
৪. প্রয়োজনীয় চিকিৎসাসেবা পাওয়া যায় না।

শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

মূল্যায়ন ক্ষেত্র	শিখনযোগ্যতা/ নির্দেশক	প্রারম্ভিক	ভালো	উত্তম
জ্ঞান	• বাংলাদেশের মানচিত্র ও মানচিত্রে বিভিন্ন জেলার অবস্থান সম্পর্কে জেনেছে			
	• বাংলাদেশের কৃষিজাত ও শিল্পজাত পণ্য সম্পর্কে জেনেছে			
	• বাংলাদেশের জনসংখ্যা কাঠামো ও মানবসম্পদ সম্পর্কে জেনেছে			
দক্ষতা	• মানচিত্রে বিভিন্ন জেলার অবস্থান নির্ণয় করতে পেরেছে			
	• প্রধান প্রধান কৃষিজাত ও শিল্পজাত পণ্য সম্পর্কে বর্ণনা করতে পেরেছে			
	• প্রধান প্রধান রপ্তানি পণ্য ও মানবসম্পদ উন্নয়নে করণীয় সম্পর্কে বর্ণনা করতে পেরেছে			
দৃষ্টিভঙ্গি	• আনন্দের সাথে কাজে অংশগ্রহণ করেছে।			
	• দলে একে অপরকে সহযোগিতা করেছে।			
	• জোড়ায় সক্রিয়ভাবে কাজ করেছে।			
	• একে অপরকে সহযোগিতা করেছে।			
	• দলগত কাজে সক্রিয় অংশগ্রহণ করেছে।			
মূল্যবোধ	• শ্রেণিকক্ষের নিয়ম মেনে চলেছে।			
	• অন্যের মতামত ধৈর্য্য সহকারে শুনেছে।			

ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐ ধারাবাহিক মূল্যায়ন সময় : .....

শিক্ষার্থীর নাম : ..... শ্রেণি : ..... রোল নম্বর : ☐

১। জনসংখ্যা সম্পর্কে তথ্য খুঁজে বের করি ও নিচের চিত্রে লিখি—

২। নিচের পণ্যগুলোকে কৃষিজাত ও শিল্পজাত শিরোনামে শ্রেণিকরণ করি—

ডাল, সাবান, টুথপেস্ট, ধান, শাড়ি, লুঙ্গি, পাট, মাছ, চিনি, সরিষা, সার, কলা, কাগজ, সবজি, বিস্কুট, গম

কৃষিজাত পণ্য	শিল্পজাত পণ্য
১.	১.
২.	২.

৩। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ—

(১) মানচিত্রের নিচের দিকটি কোন দিক?
ক পূর্ব খ পশ্চিম
গ উত্তর ঘ দক্ষিণ

(২) মানচিত্রের বামের দিকটি কোন দিক?
ক পূর্ব খ পশ্চিম
গ উত্তর ঘ দক্ষিণ

(৩) বাংলাদেশের জেলা কতটি?
ক ৬৪টি খ ৬৬টি
গ ৬৮টি ঘ ৬৫টি

(৪) আদমশুমারি অনুযায়ী বর্তমানে বাংলাদেশের জনসংখ্যা কত?
ক ১৬ কোটি ৫১ লক্ষ
খ ১৬ কোটি ২০ লক্ষ
গ ১৫ কোটি ৫০ লক্ষ
ঘ ১৫ কোটি ২০ লক্ষ

উত্তরমালা

১। ১০৩ পৃষ্ঠার ৪নং পাঠের জোড়ায় কাজ (ক) দ্রষ্টব্য।

২। ১০৩ পৃষ্ঠার ৩নং পাঠের একক কাজ (গ) দ্রষ্টব্য।

৩। (১) ঘ দক্ষিণ; (২) খ পশ্চিম; (৩) ক ৬৪টি; (৪) ক ১৬ কোটি ৫১ লক্ষ।

মূল্যায়ন রিপোর্ট : শিখনের অর্জিত মাত্রা ☐